

05

## ইসলামী বিশ্ববিদ্যালয়

### ধর্মঘট শুরু : টেলিফোন সংযোগ বিচ্ছিন্ন

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ২৯শে জুন (নিজস্ব সংবাদদাতা)।- ফিকাহ ও মুসলিম দর্শন খুলে ইসলামী বিশ্ববিদ্যালয়কে মাদ্রাসা বানানোর চক্রান্তকে প্রতিরোধ করতে ছাত্রদের আহুত লাগাতার ধর্মঘটের ১ম দিনে শান্তিপূর্ণভাবে ধর্মঘট পালিত হয়েছে। ছাত্র লীগ কর্মীরা ভিসি'র পদত্যাগের দাবিতে ভিসি'র বাস ভবনের টেলিফোন সংযোগ কেটে দিয়েছে। আজকের নির্ধারিত সিডিকেট সভা হতে পারেনি।

ছাত্রদল ও গণতান্ত্রিক ছাত্রঐক্য ফিকাহ ও মুসলিম দর্শন বাতিল দাবি করছে। এই দু'টি বিষয় স্থগিত করলে ছাত্রদল ও গণতান্ত্রিক ছাত্রঐক্য আপাতত কর্মসূচি ধর্মঘট : পৃঃ ১১ কঃ ৮

### ধর্মঘট : শুরু

(১ম পৃষ্ঠার পর)

প্রত্যাহার করে ছাত্রলীগের ভিসি'র পদত্যাগের দাবির সাথে একমত পোষণ করেও এক প্রাট ফরমে এখনও আসেনি।

উপাচার্যের পদত্যাগ সম্পর্কে ছাত্রলীগের দাবি প্রসঙ্গে উপাচার্যের সাথে আলোচনা করলে তিনি জানান, পদত্যাগের জন্য ছাত্রলীগের আন্দোলন করার প্রয়োজন নেই। তাদের সরকারকে বলে উপাচার্যকে সরিয়ে নিতেই পারে।

ছাত্রলীগ সহ-সভাপতি সেলিম আহমেদ জানান, ভিসি'র পদত্যাগ না হওয়া পর্যন্ত ধর্মঘট অব্যাহত থাকবে।